

# স্মার্ট সিটি: ব্যবসা বৃদ্ধির আশায় ফ্যান প্রস্তুতকারক সংস্থাগুলি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: কেন্দ্রীয় সরকার দেশজুড়ে যে ১০০টি স্মার্ট সিটি গড়ার পরিকল্পনা করেছে, তাতে ফ্যান প্রস্তুতকারক সংস্থাগুলি ব্যবসা বৃদ্ধিতে আশার আলো দেখছে। তাদের ধারণা, প্রস্তাবিত শহরগুলিতে অন্তত ৫০ লক্ষ নতুন বাড়ি তৈরি হবে। এদেশে যেখানে বছরে গড়ে চার কোটি ফ্যান তৈরি হয়, সেখানে ওই বাড়তি বাড়ি অনেকটাই ব্যবসা বাড়াবে। সার্বিকভাবে আবাসনশিল্প যেভাবে ঘুরে দাঁড়চ্ছে, তাতেও ফের ব্যবসার হাল ফিরতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্ট শিল্পের সঙ্গে যুক্ত কর্তারা। ইন্ডিয়ান ফ্যান ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান শেখর বাজাজ সোমবার কলকাতায় বলেন, বিগত বেশ কয়েক বছর ধরে ফ্যান ব্যবসার বৃদ্ধির হার গড়ে ১৪ শতাংশ। কিন্তু দেখা যাচ্ছে, ২০১৩-'১৪ অর্থবর্ষে ব্যবসা বেড়েছে মাত্র ২.৬৫ শতাংশ। অর আগের আর্থিক বছরে সেই বৃদ্ধির হার ছিল ৮.২৯ শতাংশ। চলতি বছরের প্রথম চার মাসে ব্যবসা বৃদ্ধির পরিমাণ প্রায় চার শতাংশ।